বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১

Phone : 9553637
bkb@intechworld.net
www.krishibank.org.bd

নং-প্রকা/এইচআরএমডি-১/বিবিধ-০১/২০১৮-২০১৯/ ৪০৯৭ তারিখ ঃ ২৪.০১.২০১৯খ্রিঃ

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ লাইট শ্রেণির ড্রাইভিং লাইসেন্সধারী হিসেবে বাংলাদেশ কৃষি ব্যাংকের গাড়ি চালকদের বেতন জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ১১ তম গ্রেডে নির্ধারণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়

উপর্যুক্ত বিষয়ে সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। লাইট শ্রেণির ড্রাইভিং লাইসেন্সধারী হিসেবে অত্র ব্যাংকে যোগদানকৃত একজন গাড়ি চালক পরবর্তীতে হেভী ড্রাইভিং লাইসেন্স প্রাপ্তির ফলে অর্থ মন্ত্রণালয়ের বাস্তবায়ন বিভাগের Office Memorandum no.MF(ID)iii/U(G)-6/82/442 Dated, 15th March 1982 মোতাবেক তার বেতন বর্তমান ১২তম গ্রেডের উচ্চতর গ্রেডে নির্ধারণের জন্য আবেদন করেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে তার বেতন বর্তমানে প্রাপ্ত ১২ তম গ্রেডের উচ্চতর ১১ তম গ্রেডে নির্ধারণের বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগে পত্র প্রেরণ করা হয়। অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, বাস্তবায়ন অনুবিভাগ, বাস্তবায়ন অধিশাখা-৫ এর ২৬.১২.২০১৮খ্রিঃ তারিখের স্মারক নং-০৭.০০.০০০০.১৬৫.৫৩.০১০.১৪-১৮২ এর মাধ্যমে নিম্নরূপ সিদ্ধান্ত প্রদান করা হয়ঃ

**" হেভি (ভারী) শ্রেণির ড্রাইভিং লাইসেন্স প্রাপ্তির পর নতুনভাবে বেতন নির্ধারণ করা হয় না। এক্ষেত্রে লাইট শ্রেণির ড্রাইভিং লাইসেন্সধারী হিসেবে বাংলাদেশ কৃষি ব্যাংকের গাড়ি চালকের বেতন জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ১১ তম গ্রেডে নির্ধারণের কোন সুযোগ নেই।"**

০৩। উক্ত সিদ্ধান্ত অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বিশেষায়িত ব্যাংক-১ শাখা এর ১০.০১.২০১৯খ্রিঃ তারিখের স্মারক নং-৫৩.০০.০০০০.৩২১.৪৭.০০১.১৬-০৮ এর মাধ্যমে অত্র ব্যাংকে প্রেরণ করা হয়েছে (কপি সংযুক্ত)। এমতাবস্থায়, লাইট শ্রেণির ড্রাইভিং লাইসেন্সধারী হিসেবে চাকুরীতে যোগদানকৃত গাড়ি চালক এবং পরবর্তীতে হেভী ড্রাইভিং লাইসেন্স প্রাপ্তির পরিপ্রেক্ষিতে যদি তার বেতন পরবর্তী উচ্চতর গ্রেডে নির্ধারণ করা হয়ে থাকে, তবে এরূপ ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয়ের বর্ণিত স্মারকের আলোকে সংশ্লিষ্ট কর্মচারীর বেতন পূর্ববর্তী গ্রেডে পুনঃনির্ধারণ করতঃ অতিরিক্ত প্রদানকৃত বেতন-ভাতাদি আদায়/সমন্বয় করার জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

সংযুক্তিঃ বর্ণনামতে।

২৪/১/১৯
(এম. এ. রউফ ভূইয়া)
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/এইচআরএমডি-১/বিবিধ-০১/২০১৮-২০১৯/ ৪০৯৭ (১২০০) তারিখ ঃ ২৪.০১.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। স্টাফ অফিসার, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০২। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়গণের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০৫। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি স্টাফ কলেজ/এলপিও, ঢাকা।
০৬। সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রকা, ঢাকা।
০৭। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। **পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।**
০৮। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/ আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১১। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১২। নথি/মহানথি।

২৪.০১.১৯
(মোহাম্মদ সেলিম খান)
সহকারী মহাব্যবস্থাপক

H:\Yeamin\Selection Grade-Letter-1.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
বিশেষায়িত ব্যাংক-১ শাখা
www.fid.gov.bd.

নম্বর-৫৩.০০.০০০০.৩২১.৪৭.০০১.১৬-০৮

২৭ পৌষ ১৪২৫
তারিখ: ---------------------
১০ জানুয়ারি ২০১৯

বিষয়: লাইট শ্রেণির ড্রাইভিং লাইসেন্সধারী হিসেবে বাংলাদেশ কৃষি ব্যাংকের গাড়ি চালকের বেতন জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ১১তম গ্রেডে নির্ধারণ।

সূত্র: (১) বিকেবির পত্র নম্বর-প্রকা/এইচআরএমডি-১/ব্যঃনঃ/এস-৩৭২৭/২০১৮-২০১৯/২৮৬৩, তারিখ: ১১.১১.২০১৮;
(২) অর্থ বিভাগের পত্র নম্বর-০৭.০০.০০০০.১৬৫.৫৩.০১০.১৪-১৮২, তারিখ: ২৬.১২.২০১৮।

উপর্যুক্ত বিষয়ে (১) সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে অর্থ বিভাগ থেকে প্রাপ্ত (২) সূত্রোক্ত পত্রের ছায়ালিপি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এ সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে।

(শেখ সিদ্দিকুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮২৩২২

ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

নম্বর-৫৩.০০.০০০০.৩২১.৪৭.০০১.১৬-০৮ তারিখ: ১০ জানুয়ারি ২০১৯

সদয় জ্ঞাতার্থে:
সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(শেখ সিদ্দিকুর রহমান)
সিনিয়র সহকারী সচিব

BKB Officers Pay equlization

৩-√ ২-নথি

220

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন অধিশাখা- ৫
www.mof.gov.bd

নং- ০৭.০০.০০০০.১৬৫.৫৩.০১০.১৪- **১৮২**

তারিখঃ ১২ পৌষ ১৪২৫ বঃ। / ২৬ ডিসেম্বর ২০১৮ খ্রিঃ।

**বিষয়: লাইট শ্রেণির ড্রাইভিং লাইসেন্সধারী হিসেবে বাংলাদেশ কৃষি ব্যাংকের গাড়ি চালকের বেতন জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ১১তম গ্রেডে নির্ধারণ।**

সূত্রঃ আর্থিক প্রতিষ্ঠান বিভাগের স্মারক নং- ৫৩.০০.০০০০.৩২১.৪৭.০০১.১৬- ২৭৬, তারিখ: ১৩/১২/২০১৮ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, হেভি (ভারী) শ্রেণির ড্রাইভিং লাইসেন্স প্রাপ্তির পর নতুনভাবে বেতন নির্ধারণ করা হয় না। এক্ষেত্রে লাইট শ্রেণির ড্রাইভিং লাইসেন্সধারী হিসেবে বাংলাদেশ কৃষি ব্যাংকের গাড়ি চালকের বেতন জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ১১তম গ্রেডে নির্ধারণের কোন সুযোগ নেই।

(ফাতেমা রহিম ভীনা)
যুগ্ম সচিব
ফোন: ৯৫৪৯২৭৬

সচিব
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

| অতিরিক্ত সচিব (বিশেষায়িত ব্যাংক/লিটিগেশন) এর দপ্তর | |
|---|---|
| ডায়েরী নং : ১০ | তারিখ : ৩/১/১৯ |
| যু.স.(বি.ব্যা./লিটিগেশন) | দ্রুত ব্যবস্থা নিন ☐ |
| উ.স.(বি.ব্যা./লিটিগেশন) | আলোচনা করুন ☐ |
| সি.স.স/স.স(বি.ব্যা./লিটিগেশন-১/২) | জরুরি ☐ |
| | উপস্থাপন করুন ☐ |
| | প্রয়োজনীয় ব্যবস্থা ☐ |
| | নথিভুক্ত ☐ |
| | স্বাক্ষর: |

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
বিশেষায়িত ব্যাংক-১ শাখা
ডাইরী নম্বর : ০৬
তারিখ : ০৭.০১.১৯

F:\Office File-2013-2017\Letter-2018.doc